



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০১০.১৯.১৯

তারিখ: ১৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ।  
২৯ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা সংকোচন প্রসঙ্গে।**

**সূত্রঃ** জেলা প্রশাসক, ঢাকা কার্যালয়ের স্মারক নং-৬৩৬(সং), তারিখ: ০৪ নভেম্বর, ২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির গত ২৬/০৮/২০২০ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী দোহার পৌরসভার সীমানা সংকোচনের বিষয়টি আরো পরীক্ষা-নিরীক্ষার নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা-কে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, লটাখোলা মৌজা, খালপাড় মৌজা, সুতারপাড়া মৌজা, কাজিপুর মৌজা ও মধুরচর মৌজার সংকোচনের জন্য প্রস্তাবকৃত দাগসমূহের লোকসংখ্যার অকৃষি পেশার হার ২৫%। পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ এর ৫ বিধিতে ৪টি কারণে পৌরসভার সীমানা সংকোচন করা যাবে মর্মে বিধান রয়েছে। কিন্তু জেলা প্রশাসকের প্রতিবেদনে উল্লিখিত কারণগুলোর মধ্যে কোন্ কারণে দোহার পৌরসভার সীমানা সংকোচন হবে তা উল্লেখ করা হয়নি।

০২। এমতাবস্থায়, পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ এর ৫ বিধিতে বর্ণিত কোন্ কারণে দোহার পৌরসভার সীমানা সংকোচন হবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক জরুরী ভিত্তিতে পুন:প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫১৪১৪২

জেলা প্রশাসক  
ঢাকা।

**অনুলিপিঃ**

- ০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মেয়র, দোহার পৌরসভা, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।